# Times Today BD

স্পোর্টস ডেস্ক | আন্তর্জাতিক | 24 April, 2025

ভারতের সুইজারল্যান্ড নামে পরিচিত কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসী হামলার দিনই হত্যার হুমকি পেয়েছিলেন ভারতের প্রধান কোচ গৌতম গম্ভীর।'আইসিস কাশ্মীর' নামের একটি সংগঠন গম্ভীরকে হত্যার হুমকি দিয়েছিল বলে জানা গেছে।

দুই দিন আগে গম্ভীর হত্যার হুমকি পেলেও এএনআইয়ের বরাতে ভারতীয় বিভিন্ন সংবাদমাধ্যমে আজ জানা যায় এমন খবর।আমি তোমাকে খুন করব–ভারতের প্রধান কোচকে মেইলে পাঠানো বার্তায় দেওয়া হয়েছিল হত্যার হুমকি।আইসিস কাশ্মীরের থেকে হুমকি পাওয়ার পর দিল্লির রাজিন্দরনগর থানা ও ডিসিপি সেন্ট্রাল দিল্লিকে গম্ভীর জানিয়েছেন।এই অভিযোগ এফআইআর হিসেবে নেওয়ার অনুরোধ করেন ভারতের বিশ্বকাপজয়ী এই ক্রিকেটার।

নিজের ও তাঁর পরিবারের নিরাপত্তার জন্য গম্ভীর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছেন।দিল্লি পুলিশও তৎক্ষণাৎ কাজ করা শুরু করেছে।সেন্ট্রালের উপপুলিশ কমিশনার এম হর্ষবর্ধন এক বিবৃতিতে বলেছেন, 'গৌতম গম্ভীরকে যে মেইলে হুমকি দেওয়া হয়েছে, সেটা আমরা জানি।এই ব্যাপারে তদন্ত চলছে।'

কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসী হামলা হয়েছে পরশু।মর্মান্তিক এই ঘটনায় মারা গেছেন ২৬ পর্যটক।নিহতদের জন্য সামাজিক মাধ্যমে শোক প্রকাশ করেছেন শচীন টেন্ডুলকার, সৌরভ গাঙ্গুলীর মতো ভারতীয় তারকা ক্রিকেটাররা।হামলার দিনই গম্ভীর লিখেছিলেন, 'নিহতদের পরিবারের জন্য সমবেদনা।হামলাকারীদের মূল্য দিতে হবে।ভারত আঘাত করবে।' পেহেলগাম হামলা নিয়ে পাকিস্তানের মোহাম্মদ হাফিজ, দানিশ কানেরিয়াও পোস্ট করেছিলেন।

পেহেলগাম হামলার প্রভাব পড়ে আইপিএলেও।হায়দরাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে গত রাতে সানরাইজার্স হায়দরাবাদ-মুম্বাই ইন্ডিয়ান্স ম্যাচে ক্রিকেটার ও ম্যাচ কর্মকর্তারা কালো আর্মব্যান্ড পরেছিলেন।চিয়ারলিডারের নাচ বন্ধ ছিল।আতশবাজি ও আলোর প্রদর্শনীও বন্ধ ছিল।

গম্ভীরের কাছে হত্যার হুমকি এবারই প্রথম নয়।এর আগে ২০২১ সালের নভেম্বরে সংসদ সদস্য (এমপি) থাকা অবস্থাতেই এমন হুমকির বার্তা পেয়েছিলেন।ভারতীয় এই ক্রিকেটার বিজেপির এমপি ছিলেন।

খেলা ক্রিকেট ভারতীয় ক্রিকেট গৌতম গম্ভীর কোচ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:18

URL: https://www.timestodaybd.com/public/international/1383775807